



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/জামালপুর-১৫০/৬৫৫/৬

তারিখ: ২০.০৮.২০২০খ্রি.

বিষয়ঃ জামালপুর জেলার সদর উপজেলাধীন মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসার স্থান পরিবর্তন প্রসঙ্গে।

- সূত্র:
- ১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশা/জামালপুর-১৫০/৩১৮৪/৬; তারিখ: ১৫-০১-২০১৯
 - ২) জেলা প্রশাসকের স্মারক নং- ০৫.৪৫.৩৯০০.০১৯.০৮.০০৯.১৯-২০২; তারিখ-১৩/০৩/২০১৯
 - ৩) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশা/জামালপুর-১৫০/৩২৭২/৩; তারিখ: ৩০/০৬/২০২০
 - ৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৮৫.০১৮.১৯৫.১৬-১০৫; তারিখ: ০৪/০৬/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার সদর উপজেলাধীন মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসার সুপার মাদ্রাসার স্থান পরিবর্তনের জন্য কাগজপত্র ও রেজুলেশনসহ বোর্ডে আবেদন করেন। আবেদনে উল্লেখ করেন যে, উক্ত মাদ্রাসাটি মেঘা ডোয়াইলপাড়া, ছোনটিয়া বাজার, জামালপুর সদরে অবস্থিত। মাদ্রাসাটির পাশে একটি যোগনীদহ খাল ও যাতায়াতের সুবিধাজনক রাস্তা না থাকায় বর্ষা মৌসুমে ছাত্র-ছাত্রীরা নিয়মিত মাদ্রাসায় আসতে পারে না। ফলে দিন দিন ছাত্র-ছাত্রী ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে বিধায় উক্ত মাদ্রাসাটি মেঘা ডোয়াইলপাড়া গ্রাম হতে স্থানান্তর করে উকিল বাজার, ঘোড়ামারা, গ্রাম: হবদেশ, পো: ছোনটিয়া বাজার, জামালপুর সদর, জামালপুর স্থানে স্থাপন করা প্রয়োজন। আবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটি সরজমিনে পরিদর্শন পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক, জামালপুরকে সূত্রোক্ত ০১ (এক) নং স্মারকে পত্র দেয়া হয়।


জেলা প্রশাসক, জামালপুর সংশ্লিষ্ট বিষয়সহ মাদ্রাসার সার্বিক বিষয়ে সরেজমিনে পরিদর্শনপূর্বক সূত্রোক্ত ০২ (দুই) নং স্মারকের মাধ্যমে মতামতসহ প্রতিবেদন প্রেরণ করেছেন। তিনি প্রতিবেদনের মতামতে উল্লেখ করেন- মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসাটি মেঘা ডোয়াইল পাড়া গ্রাম হতে উকিল বাজার, ঘোড়ামারা, গ্রাম: হবদেশ, ডাকঘর: ছোনটিয়া বাজার স্থানান্তর করা হলে ছাত্র-ছাত্রী বৃদ্ধিসহ প্রতিষ্ঠানের সার্বিক উন্নতি সাধন হবে।

জেলা প্রশাসকের তদন্ত প্রতিবেদনের আলোকে মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসাটি মেঘা ডোয়াইল পাড়া গ্রাম হতে উকিল বাজার, ঘোড়ামারা, গ্রাম: হবদেশ, ডাকঘর: ছোনটিয়া বাজার স্থানান্তর করার বিষয়ে সদয় অনুমোদনের জন্য সূত্রোক্ত ৩নং স্মারকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রস্তাবসহ যাবতীয় কাগজপত্র প্রেরণ করা হয়।

পরবর্তীতে, মাদ্রাসা প্রধানের আবেদন, জেলা প্রশাসক, জামালপুর এর সুপারিশ এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রস্তাবের আলোকে মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসাটি মেঘা ডোয়াইল পাড়া গ্রাম হতে উকিল বাজার, ঘোড়ামারা, গ্রাম: হবদেশ, ডাকঘর: ছোনটিয়া বাজার, জামালপুর সদর, জামালপুর স্থানান্তরের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সূত্রোক্ত ৪নং স্মারকে সম্মতি জ্ঞাপন করেছেন।

বর্ণিত অবস্থায়, উক্ত মাদ্রাসাটি মেঘা ডোয়াইল পাড়া গ্রাম হতে উকিল বাজার, ঘোড়ামারা, গ্রাম: হবদেশ, ডাকঘর: ছোনটিয়া বাজার, জামালপুর সদর, জামালপুরে স্থানান্তরিত স্থানে সকল কার্যক্রম পরিচালার অনুমতি প্রদান করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২০.০৮.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক

সুপার/ভারপ্রাপ্ত সুপার, মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসা

উকিল বাজার, ঘোড়ামারা, গ্রাম: হবদেশ, ডাকঘর: ছোনটিয়া বাজার, সদর, জামালপুর।

নং-বামাশিবো/প্রশাসন/জামালপুর-১৫০/৬৫৫/৬

তারিখ: ২০.০৮.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
দৃষ্টি আকর্ষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহা-পরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০;
৩. পরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা, (আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত নথিতে/ডাটাবেজে উল্লিখিত পরিবর্তিত স্থান ব্যবহারের অনুরোধসহ)।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা, (পরিবর্তিত স্থান ব্যবহারের অনুরোধসহ);
৫. জেলা প্রশাসক, জামালপুর;
৬. উপ-রেজিস্ট্রার কমন/প্রশাসন, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা, (পরিবর্তিত স্থান ব্যবহারের অনুরোধসহ);
৭. উপজেলা নির্বাহী অফিসার, সদর, জামালপুর;
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ.দা), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
(আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত সকল নথিতে/ ডাটাবেজে উল্লিখিত স্থান ব্যবহারের অনুরোধসহ)
৯. প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
(আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত সকল নথিতে/ ডাটাবেজে উল্লিখিত স্থান ব্যবহারের অনুরোধসহ)
১০. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১১. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১২. সভাপতি, মাদ্রাসা পরিচালনা কমিটি, মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসা, উকিল বাজার, ঘোড়ামারা, গ্রাম: হবদেশ, ডাকঘর: ছোনটিয়া বাজার, সদর, জামালপুর
১৩. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪